




WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours Part-II Examinations, 2018

বাংলা-সাম্মানিক

চতুর্থ পত্র



সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। অ্যাবসার্ড নাটকের সংজ্ঞা দিয়ে এর সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই শ্রেণীর একটি বিশিষ্ট বাংলা নাটক-এর সার্থকতা বিচার করো। ৪+৬  
+১০=২০

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ১০+১০=২০

(ক) ট্র্যাজেডি নাটক

(খ) কমেডি

(গ) একাক্ষ নাটক

(ঘ) পৌরাণিক নাটক

- ২। নাট্য নিয়ন্ত্রণ বিল প্রচলনের উদ্দেশ্য কী? এই বিলের প্রভাব বাংলা নাটকে কীভাবে পড়েছিল তা দেখাও। এই বিলের আওতায় যে যে নাটক পড়েছিল তাদের নাম লেখো। ৪+১২  
+৪=২০

অথবা

যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ ১০+১০=২০

(ক) বেলগাছিয়া নাট্যশালা

(খ) জোড়াসাঁকো নাট্যশালা

(গ) লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার

(ঘ) শ্যামবাজার নাট্যসমাজ

- ৩। 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে কালীনাথ ও বাবাজী চরিত্র দুটির গুরুত্ব বিচার করো। ১০

অথবা

'একেই কি বলে সভ্যতা' প্রহসনে তৎকালীন নাগরিক কলকাতার তরুণ সমাজের ভ্রষ্টাচার কীভাবে রূপ পেয়েছে তা আলোচনা করো। ১০

- ৪। 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনের পুরুষ চরিত্রগুলির নাট্য-উপযোগিতা বিচার করো। ১০

অথবা

'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনে হাস্যরস ও শ্লেষ ব্যবহারে নাট্যকারের দক্ষতার পরিচয় দাও। ১০

৫। ‘ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালার ভিতরকার মানুষ।’ — চরিত্রটি বিশ্লেষণ করে, এই বক্তব্য কতদূর সঙ্গত তা বিচার করো। ১৫

অথবা

‘যে মানুষ আঘাত করছে আত্মার ট্রাজেডি তারই – মুক্তির সাধনা তাকেই করতে হবে’ — মুক্তধারা নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

৬। অবক্ষয়ীকালের প্রেক্ষাপটে এক প্রতিবাদী চরিত্র হিসাবে ‘টিনের তলোয়ার’ নাটকটির ময়না চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

অথবা

‘টিনের তলোয়ার’ নাটকের সার্থকতাকে সুনিশ্চিত করেছে এর গান।’ — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৭। ‘মানুষের ভিতরকার রহস্য বিধাতা বাইরের কোথাও-না-কোথাও লিখে রেখে দেন; আমার অন্তরের কথা আছে ওই মুক্তধারার মধ্যে।’ — বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? একথার তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩=৫

অথবা

‘প্রীতি দিয়ে পাওয়া যায় আপন লোককে, পরকে পাওয়া যায় ভয় জাগিয়ে রেখে’ — উক্তিটির বক্তা কে? কাকে সে একথা বলেছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তা চরিত্রের কোন্ দিকটি পরিস্ফুট হয়েছে? ১+১+৩=৫

৮। ‘আমি কলকাতার তলায় থাকি।’ — বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? উক্তিটির তাৎপর্য কী? ১+১+৩=৫

অথবা

‘রোম পুড়িতেছে আর সম্রাট ব্যয়লা বাজাইতেছেন।’ — কোন্ প্রসঙ্গে কার এই মন্তব্য? বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+২+২=৫